

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকান্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন - মার্চ ২০২৬

১। সর্বমোট অর্জন। মার্চ ২০২৬ মাসে ৩,৮১৬টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ৭১০ কোটি ৩২ লক্ষ ১৯ হাজার ৯৮০ মূল্যের বিভিন্ন প্রকার অবৈধ মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। চোরাচালান বিরোধী অভিযান। মার্চ ২০২৬ মাসে চোরাচালান বিরোধী অভিযানে মোট ৮ কোটি ৩৫ লক্ষ ৪১ হাজার ৯০০ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য



পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য

৩। অস্ত্র উদ্ধার অভিযান। মার্চ ২০২৬ মাসে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে মোট ৮টি অগ্নেয়াস্ত্র, ৫২ রাউন্ড তাজা গোলা, ১০ রাউন্ড ফাঁকা কার্তুজ, ০১টি ককটেল এবং ১২ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত ডাকাত ও অন্যান্য অস্ত্রাদি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র



পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** মার্চ ২০২৬ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে মোট ৩০,৩১,৯২,৭৪০ টাকা অর্থমূল্যের মাদকদ্রব্য যেমন ৫,৭৫,৫২৮ পিস ইয়াবা, ১ বোতল হইস্কি, ২৩৮ বোতল বিয়ার, ৫২ কেজি ৬৭০ গ্রাম গাঁজা, ৩৫ লিটার বাংলা মদ, ৭,০৮,৭৬০ শলাকা সিগারেট/বিড়ি এবং ৫০ জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য ও মাদক ব্যবসায়ীদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



**পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য**



**পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য**



**দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য**



**ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য**

৫। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মার্চ ২০২৬ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ৬৭১,৮৩,২৯,৭৮০ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ৯,০৮,৭৮,৪০০ মিটার কারেন্ট জাল, ১,৮৬৬ পিস বেহন্দি জাল, ২,৫৭,৯২,৬০০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ২৫,৩০৮ কেজি জাটকা/ইলিশ, ৬৪০ কেজি জেলি পুশকৃত চিংড়ি, ২,৪০,৫০,০০০ পিস চিংড়ি পোনা, ৮,১০,০০০ পিস অন্যান্য পোনা, ১,৩৮৭ কেজি অন্যান্য মাছ এবং ২৩টি বোট জব্দ করা হয়। জব্দকৃত বোট ও অন্যান্য পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



**পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল**



**পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল**



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল



ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল

৬। বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান। মার্চ ২০২৬ মাসে বনজ ও পরিবেশ রক্ষা অভিযানে মোট ৬,১৬,০০০ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ১৬২.৫ কেজি হরিণের মাংস এবং ১,৪৬০ কেজি পলিথিন জব্দ করা হয়। আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত হরিণের মাংস



দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন

সীমিত

৭। উদ্ধার অভিযান। মার্চ ২০২৬ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ৩২১ জন যাত্রী/জেলে/অপহৃত ব্যক্তি ও ২৬ জনের মৃতদেহ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে ও মৃতদেহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন কর্তৃক উদ্ধারকৃত জেলে